


আমরা আপনার বাড়ির সীসার পাইপ পরিষেবা লাইনের বদল করতে সাহায্য করব



সীসার পাইপ আপনার পরিবারকে ঝুঁকির মধ্যে ফেলতে পারে

যদি আপনি মনে করেন যে আপনার বাড়িতে সীসা পরিষেবার লাইন রয়েছে, আপনার এবং আপনার পরিবারের স্বাস্থ্য সম্পর্কিত সমস্যা এড়ানোর জন্য আপনার পদক্ষেপ নেবার প্রয়োজন রয়েছে।

একটি গুরুত্বপূর্ণ প্রথম পদক্ষেপ হল আপনার পরিষেবার লাইনটিকে পরীক্ষা করানো। প্যাটারসন, ক্লিফটন, প্যাসাইক, প্রসপেক্ট পার্ক, নর্থ অরলিংটন, এবং লোদীতে এখনও অবধি প্রায় 15,000টি বাড়িতে সীসার পরিষেবা লাইন রয়েছে। (সার্ভিস লাইনের মাধ্যমে আমাদের পাইপ থেকে আপনার বাড়িতে জল যায়)।


পিভিডব্লুসি গ্রাহক মালিকানাধীন সীসার পরিষেবা লাইন বদলে সহায়তা করার জন্য একটি কম খরচের, শূন্য-সুদে বদল কর্মসূচীর সুবিধা দিচ্ছে। আপনি কিভাবে আমাদের সীসার পরিষেবা লাইন বদল (লিড সার্ভিস লাইন রিপ্লেসমেন্ট) কর্মসূচীর সুবিধা নিতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন।

যদি আপনার কোন সীসার পরিষেবা লাইন থাকে, আমরা তা খুব কম খরচে বা নিখরচায় বদলের জন্য সহায়তা করতে পারব। আরো তথ্যের জন্য আপনি আমাদের 973-340-4300-এ কল করতে পারেন, আমাদের customerservice@pvwc.com-এ ইমেল করতে পারেন অথবা আমাদের www.pvwc.com ওয়েবসাইট দেখতে পারেন।

যদি মনে হয় যে আপনার বাড়িতে সীসার পাইপ লাইন রয়েছে তাহলে কি করতে হবে।

সীসা গুরুতর স্বাস্থ্যের সমস্যা সৃষ্টি করতে পারে যদি তা শরীরে পানীয় জল বা অন্যান্য সূত্র থেকে খুব বেশী পরিমাণে প্রবেশ করে।

যখন সীসা শরীরে প্রবেশ করে এটি মস্তিষ্ক এবং বৃক্কের ক্ষতি করতে পারে, এবং রক্ত কোষ উৎপাদনে বাধা সৃষ্টি করতে পারে যা আপনার শরীরের সমস্ত অংশে অক্সিজেন বহন করে নিয়ে যায়। শিশু, তরুণ তরুণী এবং গর্ভবতী মহিলাদের ক্ষেত্রে সীসার সংস্পর্শে আসার ঝুঁকি সবথেকে বেশী থাকে।



1986 সালের পূর্বে নির্মিত বাড়িগুলিতে সীসার পাইপ লাইন থাকার সম্ভাবনা খুব বেশী থাকে। আপনার পরিষেবা লাইন, অভ্যন্তরীণ পাইপ লাইন, সীসা ঝালাই, কলে অথবা ফিটিং সরঞ্জামে সীসা থাকতে পারে।

যদি আপনার বাড়িতে সীসার পাইপ থাকে এখানে রয়েছে কি করতে হবে...

উচ্চস্তরীয় সীসার জন্য আপনার জলের পরীক্ষা করান। জল থেকে সীসার সংস্পর্শ হতে পারে যা সীসার পাইপ বা পাইপ লাইন লাগানোর কাজে যুক্ত আছে। যদি আপনি মনে করেন যে আপনার পানীয় জলে সীসা থাকতে পারে, আপনার অবিলম্বে আমাদের সাথে যোগাযোগ করা উচিত হবে এবং বিনামূল্যে সীসা পরীক্ষার কিটের জন্য বলতে পারেন। আমরা আপনার জল পরীক্ষা করব এবং আপনাকে ফলাফল জানাব।

আপনার পরিষেবা লাইন পরীক্ষা করান এবং বদলিয়ে নিন। প্যাটারসন, ক্লিফটন, প্যাসাইক, প্রসপেক্ট পার্ক, নর্থ অরলিংটন, এবং লোদীতে এখনও অবধি প্রায় 15,000টি বাড়িতে সীসার পরিষেবার লাইন রয়েছে। (সার্ভিস লাইনের মাধ্যমে আমাদের পাইপ থেকে আপনার বাড়িতে জল যায়)।

আপনার সম্পত্তিতে সীসার পরিষেবা লাইন বদলে সহায়তা করার জন্য পিভিডব্লুসি একটি কম খরচের, শূন্য-সুদে বদল কর্মসূচীর সুবিধা প্রদান করছে। আপনি কিভাবে আমাদের সীসার পরিষেবা লাইন বদল (লিড সার্ভিস লাইন রিপ্লেসমেন্ট) কর্মসূচীর সুবিধা নিতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন।

আপনার সন্তানদের পরীক্ষা করান। সন্তানদের পরীক্ষা করানোর পরামর্শের জন্য আপনার চিকিৎসক বা আপনার স্থানীয় স্বাস্থ্য বিভাগে কল করুন। একটি সহজ রক্ত পরীক্ষা সীসা শনাক্ত করতে পারে।

আপনার বাড়িতে কলের লাইন পরীক্ষা করান। আপনার স্থানীয় ভবন/কোড বিভাগ ভবন নির্মাণের অনুমতির রেকর্ড প্রদান করতে সমর্থ হবে যাতে আপনার বাড়ির কলের লাইনের সামগ্রীর বিষয়ে তথ্য থাকতে পারে। আরো তথ্যের জন্য, অনুগ্রহ করে আপনার মিউনিসিপ্যাল অফিসে কল করুন।

সীসার ঝুঁকি এবং আপনি কিভাবে আপনি আপনার পরিবারকে সুরক্ষিত রাখতে পারেন সে বিষয়ে আরো জানুন। সীসার সম্পর্কে আরো তথ্যের জন্য, নিম্নলিখিত যেকোন সংস্থার একটিতে যোগাযোগ করুন:

- দি ন্যাশানাল লিড ইনফর্মেশন সেন্টার 1-800-424-5323
- ইপিএ'স সেফ ড্রিঙ্কিং ওয়াটার হটলাইন 1-800-426-4791
- কনজিউমার প্রোডাক্ট সেফটি কমিশন 1-800-638-2772
- www.epa.gov/lead/-এ ইপিএ দেখুন

আরো তথ্যের জন্য, আমাদের 973-340-4300-এ কল করুন, আমাদের customerservice@pvwc.com-এ ইমেল করুন অথবা আমাদের www.pvwc.com ওয়েবসাইট দেখুন

এই বিজ্ঞপ্তি প্যাসাইক ভ্যালি ওয়াটার কমিশন দ্বারা প্রদত্ত হয়েছে। মার্চ, 2019

